

৬.২ জমির অখণ্ডতার সনদের জন্য আবেদন নিষ্পত্তিকরণ:

সেবা প্রদান পদ্ধতি (সংক্ষেপে):

আবেদনপ্রাপ্তির পর সরজমিন তদন্ত ও রেকর্ডপত্র/দলিলাদি যাচাই অন্তে প্রতিবেদন দাখিলের জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়। প্রতিবেদন প্রাপ্তির পর শুনানির তারিখ ধার্য করে আবেদনকারীসহ সংশ্লিষ্টদের নোটিশ প্রদান করা হয়। ধার্য তারিখে পক্ষগণের বক্তব্য গ্রহণ, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রতিবেদন এবং দাখিলকৃত দলিলাদি/কাগজপত্র পর্যালোচনা করে আদেশ প্রদান করা হয়। আবেদন গৃহীত হলে প্রস্তুতকৃত প্রস্তাবিত অখণ্ডতার সনদ স্বাক্ষর করে এক কপি আবেদনকারীকে সরবরাহ করা হয়। দ্বিতীয় কপি সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়।

সেবা প্রাপ্তি সময়: সাধারণত ২৫-৩০ দিন

প্রয়োজনীয় ফি: ১। আবেদনে কোর্ট ফি - ২০/- টাকা; ২। প্রসেস জারি ফি - ৫০/- টাকা।

সেবা প্রাপ্তির স্থান: উপজেলা ভূমি অফিস

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী: সহকারী কমিশনার (ভূমি)

প্রয়োজনীয় কাগজপত্র:

- ১। আবেদনপত্র;
- ২। দাবির/মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র;
- ৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের কপি;
- ৪। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের কপি;
- ৫। হাল/মিউটেটেড খতিয়ানের কপি;
- ৬। জমির মালিকানার স্বপক্ষীয় কাগজপত্র

সেবা প্রাপ্তির শর্তাবলি: দাবির স্বপক্ষে কাগজ সহ আবেদন দাখিল

সংশ্লিষ্ট আইন ও বিধি:

- ১। এসএ এ্যান্ড টিএ্যাক্ট ১৯৫০;
- ২। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল-১৯৯০

সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা: জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

৩.১৭.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: জমির অখণ্ডতার সনদের জন্য আবেদন নিষ্পত্তিকরণ

ধাপ সংখ্যা: ১০ টি
সম্পূর্ণ জনবল: ৪ জন
সময়: ২৫-৩০ কার্যদিবস

